

স্নাতক যুগ্ম ষাণ্মাসিক পরীক্ষা, ২০১৯

বাংলা

(সাম্মানিক)

(ষষ্ঠ ষাণ্মাসিক)

পাঠক্রম নং : BNGH-601

পূর্ণমান : ৫০

উত্তীর্ণমান : ১৭

সময় : ২ ঘণ্টা

পাঠ্যক্রম সংখ্যা পূর্ণমান নির্দেশক

Candidates have to answer either Option A or
Option B

OPTION—A

Course No. : BNGH-601 (A)

(আধুনিক ভারতীয় কথাসাহিত্য-২)

- ১। ‘মৃত্যুঞ্জয়’ উপন্যাসটি প্রথম কোন্ ভাষায় রচিত হয়েছিল? গ্রন্থটির বাংলা অনুবাদক কে? “‘মৃত্যুঞ্জয়’ উপন্যাসে লেখক সামাজিক লোকাচার, লোকবিশ্বাস এবং মিথের ব্যবহারে দক্ষতার পরিচয় দিয়েছেন।” মন্তব্যটি পর্যালোচনা করো। ১+১+১২=১৪

J9/1491

(Turn Over)

অথবা

কোন্ উপন্যাসের জন্য বীরেন্দ্রনাথ ভট্টাচার্য অকাদেমি পুরস্কার পেয়েছিলেন? এই উপন্যাসে কোন্ আন্দোলনের প্রভাব রয়েছে? এই উপন্যাসে লেখক কার্বি সমাজের জীবনচিত্র অঙ্কনে বাস্তবতাবোধের পরিচয় রেখেছেন—আলোচনা করো। ১+১+১২=১৪

- ২। গোপীনাথ মোহান্তি কোন্ ভাষায় সাহিত্য সৃষ্টি করেছেন? তাঁর প্রথম উপন্যাস কোনটি? ‘দাদিবুড়া’ উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো। ১+১+১২=১৪

অথবা

‘দাদিবুড়া’ উপন্যাসের মুখ্য চরিত্র কে? উপন্যাসটি কবে প্রকাশিত হয়? “‘দাদিবুড়া আর কেউ নয়, আদিবাসী সমাজের আদিম সরল বিশ্বাসের প্রতীক।” মন্তব্যটি বিশ্লেষণ করো।

১+১+১২=১৪

- ৩। ‘মৃত্যুঞ্জয়’ উপন্যাসের দুটি নারী চরিত্রের নাম লেখো। এই উপন্যাসের মুখ্য চরিত্র মহানন্দ গোঁসাই সম্পর্কে আলোচনা করো। ২+১২=১৪

অথবা

‘দাদিবুড়া’ উপন্যাসটিতে মুখ্যত কাদের জীবন-ভাষ্য বিধৃত? আধুনিক সভ্যতার চাপে কীভাবে তাদের জীবন ছিন্ন-বিচ্ছিন্ন হয়ে যায়, উপন্যাসের কাহিনির আধারে তা বিবৃত করো। ২+১২=১৪

J9/1491

(Continued)

(3)

৪। টীকা লেখো (যে কোনো দুটি) :

৪×২=৮

- (ক) ‘দাদিবুঢ়া’ উপন্যাসে বিধৃত আদিবাসী জীবন
(খ) ‘দাদিবুঢ়া’ উপন্যাসে স্ত্রী-আচার
(গ) ‘মৃত্যুঞ্জয়’ উপন্যাসের কাহিনি-বাস্তবতা
(ঘ) ‘মৃত্যুঞ্জয়’ উপন্যাসে বিবাহনীতি

(4)

OPTION—B

Course No. : BNGH-601 (B)

(রবীন্দ্রসাহিত্য)

- ১। ‘যোগাযোগ’ উপন্যাসটি কোন্ পত্রিকায় প্রথম ধারাবাহিকভাবে প্রকাশিত হয়? উপন্যাসটির গ্রন্থাকারে প্রকাশসাল কত? “‘যোগাযোগ’ উপন্যাসটি জন্মলগ্ন থেকেই বিতর্কের আঘাতে ক্ষত-বিক্ষত।” উপযুক্ত কারণ নির্দেশ করে মন্তব্যটি বিশ্লেষণ করো।

১+১+১২=১৪

অথবা

- ‘যোগাযোগ’ উপন্যাসের প্রথম নাম কী ছিল? পত্রিকায় প্রকাশের সময় কোন্ কিস্তি থেকে এর নাম পরিবর্তন করা হয়? ‘যোগাযোগ’ উপন্যাসের বিপ্রদাস চরিত্রটি বিশ্লেষণ করো।

১+১+১২=১৪

- ২। আত্মজীবনী বলতে কী বোঝায়? “‘প্রকৃতপক্ষে ‘জীবনস্মৃতি’ রবীন্দ্রনাথের হয়ে ওঠার কাহিনি।” পাঠ্যগ্রন্থ অবলম্বনে এই মন্তব্যের সার্থকতা বিচার করো।

৩+১১=১৪

অথবা

- ‘জীবনস্মৃতি’র প্রকাশকাল কত? ‘জীবনস্মৃতি’ গ্রন্থে প্রকৃতিতন্ময় এক বালকের ছবি সুস্পষ্ট। প্রাসঙ্গিক অংশ উল্লেখ করে রবীন্দ্রনাথের শৈশবের প্রকৃতি-মুক্ততার বর্ণনা দাও।

১+১৩=১৪

৩। ‘স্ত্রীর পত্র’ গল্পের প্রকাশকাল কত? গল্পটি ‘গল্পগুচ্ছ’-এর কোন্ খণ্ডের অন্তর্ভুক্ত? রবীন্দ্রনাথের ‘স্ত্রীর পত্র’ গল্পটি আসলে এক স্বামীর কাছে স্ত্রীর পত্র নয়, পুরুষের কাছে নারীর পত্র। তাই মৃগাল বলতে পেরেছে “আজ বাইরে এসে দেখি, আমার গৌরব রাখবার জায়গা নেই। আমার এই অনাদৃত রূপ যাঁর চোখে ভাল লেগেছে, সেই সুন্দর সমস্ত আকাশ দিয়ে আমাকে দেখেছেন। এইবার মরেছে মেজো বউ।... আমি বাঁচলুম।” মৃগাল চরিত্র বিশ্লেষণ করে উক্তিটির তাৎপর্য নিরূপণ করো।

১+১+১২=১৪

অথবা

‘হালদারগোষ্ঠী’ গল্পের প্রকাশকাল কত? এই গল্পের বড় বউ-এর নাম কী? ‘হালদারগোষ্ঠী’ গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।

১+১+১২=১৪

৪। সংক্ষিপ্ত আলোচনা করো (যে কোনো দুটি) : $৪ \times ২ = ৮$

(ক) মনস্তাত্ত্বিক উপন্যাস ও ‘যোগাযোগ’

(খ) কুমুদিনী চরিত্র

(গ) ‘জীবনস্মৃতি’র স্বাদেশিকতা

(ঘ) ‘হৈমন্তী’ গল্পের পার্বতী
